

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১১৮৭

৩২/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩২/৪৭. মহিলাদের পুরুষের পাশে থেকে যুদ্ধ।

غزوة النساء مع الرجال

আরবী

حديث أنس رضي الله عنه، قَالَ: لَمَّا كَانَ يَوْمُ أُحُد، انْهَزَمَ النَّاسُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُجَوِّبٌ بِهِ عَلَيْهِ بِحَجَفَةٍ لَهُ عَلَيْهِ وَسَلَّمَ مُجَوِّبٌ بِهِ عَلَيْهِ بِحَجَفَةٍ لَهُ وَكَانَ أَبُو طَلْحَةَ رَجُلاً رَامِيًا شَدِيدَ الْقِدِّ يَكْسِرُ يَوْمَئِذِ قَوْسَيْنِ أَوْ ثَلاَثًا وَكَانَ الرُّجُلُ يَمُرُ وَكَانَ أَبُو طَلْحَةَ مِنَ النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَعَهُ الْجَعْبَةُ مِنَ النَّبْلِ، فَيَقُولُ: انْشُرْهَا، لأبِي طَلْحَةَ فَأَشْرَفَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْظُرُ إِلَى الْقَوْمِ، فَيَقُولُ أَبُو طَلْحَةَ: يَا نَبِيَّ اللهِ بِأَبِي أَنْتَ وَأُمِّي لاَ تُشْرِفْ، يُصِيبُكَ سَهْمٌ مِنْ سِهَامِ الْقَوْمِ، نَحْرِي دُونَ نَحْرِك مِنْ سِهَامِ الْقَوْمِ، نَحْرِي دُونَ نَحْرِك وَلَقَدْ رَأَيْتُ عَائِشَةَ بِنْتَ أَبِي بَكْرٍ، وَأُمَّ سُلُيْمٍ، وَإِنَّهُمَا لَمُشَمِّرَتَانِ، أَرَى حَدَمَ سُوقِهِمَا، تُنْوِلِكَ تَتْوْزَانِ الْقِرَبَ الْقِرَبَ عَلَى مُتُونِهِمَا، تُفْرِغَانِهِ فِي أَفْوَاهِ الْقَوْمِ، ثُمَّ تَرْجِعَانِ فَتَمْلاَنِهَا، ثُمَّ تَجِيئَانِ فَتَمْلاَنِهَا، ثُمَّ تَجيئَانِ فَيَعُولُ الْقَوْمِ وَلَقَدْ وَقَعَ السَّيْفُ مِنْ يَدَيْ أَبِي طَلْحَةَ، إِمَّا مَرَّتَيْنِ وَإِمَّا ثَلاَثًا فَوْمِ وَلَقَدْ وَلَقَدْ وَقَعَ السَّيْفُ مِنْ يَدَيْ أَبِي طَلْحَةَ، إِمَّا مَرَّتَيْنِ وَإِمَّا ثَلاَثًا فَوْمَ فَلَقَوْم وَلَقَدْ وَقَعَ السَّيْفُ مِنْ يَدَيْ أَبِي طَلْحَةَ، إِمَّا مَرَّتَيْنِ وَإِمَّا ثَلاَثًا

বাংলা

১১৮৭. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ওহোদ যুদ্ধের এক সময়ে সাহাবায়ে কেরাম নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম হতে আলাদা হয়ে পড়েছিলেন। তখন আবু ত্বলহা (রাঃ) ঢাল হাতে নিয়ে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে প্রাচীরের মত দৃঢ় হয়ে দাঁড়ালেন। আবু ত্বলহা (রাঃ) সুদক্ষ তীরন্দাজ ছিলেন। এক নাগাড়ে তীর ছুঁড়তে থাকায় তাঁর হাতে ঐদিন দু' বা তিনটি ধনুক ভেঙ্গে যায়। ঐ সময় তীর ভর্তি তীরাধার নিয়ে যে কেউ তাঁর নিকট দিয়ে যেতো নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তাকেই বলতেন, তোমরা তীরগুলি আবু ত্বলহার জন্য রেখে দাও। এক সময় নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম মাথা উঁচু করে শক্রদের অবস্থা দেখতে চাইলে আবু ত্বলহা (রাঃ) বললেন, হে আল্লাহর নবী! আমার মাতা পিতা আপনার জন্য কুরবান হোক, আপনি মাথা উঁচু করবেন না। হয়ত শক্রদের নিক্ষিপ্ত তীর এসে আপনার গায়ে লাগতে পারে। আমার বক্ষ আপনাকে রক্ষার জন্য ঢাল স্বরূপ। আনাস (রাঃ) বলেন, ঐদিন আমি আবু বাকর (রাঃ)-এর কন্যা আয়িশাহ (রাঃ)-কে এবং (আমার মাতা) উন্মে সুলায়মকে দেখতে পেলাম যে, তারা পরনের কাপড় এতটুকু পরিমাণ উঠিয়েছেন যে, তাঁদের পায়ের



খাঁড় আমি দেখতে পাচ্ছিলাম। তাঁরা পানির মশক ভরে নিজেদের পিঠে বহন করে এনে আহতদের মুখে পানি ঢেলে দিচ্ছিলেন। পুনরায় ফিরে গিয়ে পানি ভরে নিয়ে আহতদেরকে পান করাচ্ছিলেন। ঐ সময় আবৃ ত্বলহা (রাঃ)-এর হাত হতে (তন্দ্রাচ্ছন্ন হয়ে) তাঁর তরবারিটি দু'বার অথবা তিনবার পড়ে গিয়েছিল।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৩ : আনসারগণের মর্যাদা, অধ্যায় ১৮, হাঃ ৩৮১১; মুসলিম, পর্ব ৩২ : জিহাদ, অধ্যায় ৪৭, হাঃ ১৮১০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন